# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**18-05-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) পশ্চিমবঙ্গে রাজ্য সরকারি কর্মীদের জন্য সপ্তম বেতন কমিশন চালু করার সিদ্ধান্ত মন্ত্রিসভায়। নতুন রাজ্য মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে আজ অন্নপূর্ণা ভাণ্ডার, সরকারী বাসে মহিলাদের বিনামুল্যে যাতায়াতের সুবিধা সহ একগুচ্ছ বড় সিদ্ধান্তে ছাড়পত্র ।

ধর্মীয় শ্রেণী বিন্যাসের ভিত্তিতে কোন ভাতা এই মাসের পর চালু থাকবে না, ঘোষণা মন্ত্রিসভার।

২) কেন্দ্রীয় সরকার জল জীবন মিশনের দ্বিতীয় পর্যায়ের প্রকল্পে পশ্চিমবঙ্গের জন্য ৩৯ হাজার কোটি টাকার সহায়তা অনুমোদন করেছে।

৩) প্রাতিষ্ঠানিক দুর্নীতি এবং নারী ও শিশুদের ওপরে নির্যাতনের তদন্তে রাজ্য সরকার দুটি কমিশন গঠন করেছে।

৪) হিংসা রুখতে রাজ্যে পুলিশকে সব ধরনের স্বাধীনতা দেওয়া হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২০২১ সালে ভোট পরবর্তী হিংসার ৪৫৮-টি ফাইল পুনরায় খোলা হয়েছে।

৫) হুমকি এবং উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে দায়ের হওয়া মামলায় কলকাতা হাইকোর্টে রক্ষাকবজ চেয়ে আবেদন জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

৬) অনুকূল বায়ুপ্রবাহ ও জলীয় বাষ্প প্রবেশের কারণে রাজ্যে আগামী কয়েক দিন ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

oooooooooooooooooooo

নতুন সরকার গঠনের পর রাজ্য মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে আজ অন্নপূর্ণা ভাণ্ডার, সরকারী বাসে মহিলাদের বিনামুল্যে যাতায়াতের সুবিধা, রাজ্য সরকারি কর্মীদের সপ্তম বেতন কমিশন সহ একগুচ্ছ বড় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকের পর মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানান, নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তরের অধীনে সরকার, পয়লা জুন থেকে অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পের আওতায় মহিলাদের ৩ হাজার টাকা করে অর্থ সহায়তা করার ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। যেসব মহিলা ইতিমধ্যেই লক্ষ্মীর ভাণ্ডার পাচ্ছেন তারা সরাসরি অন্নপূর্ণার ভাণ্ডারের সুবিধা পাবেন। এস আই আর এ যাদের নাম বাদ পড়েছে তারা প্রকল্পের আওতায় না আসলেও যাদের আবেদন এখনো ট্রাইবুনালে বিবেচনাধীন তারা প্রকল্পের সুযোগ পাবেন। অন্নপূর্ণার ভান্ডারে নতুনভাবে আবেদন করার জন্য খুব শীঘ্রই একটি পোর্টাল খোলা হবে বলে মন্ত্রী জানান।

এছাড়াও আগামী পয়লা জুন থেকে রাজ্যের সমস্ত সরকারি বাসে পশ্চিমবঙ্গের মহিলাদের জন্য বিনামূল্যে যাত্রার সুবিধা চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে আজকের বৈঠকে। দুরপাল্লা বা লোকাল বাস, সব ক্ষেত্রেই এই সুবিধা কার্যকর হবে। পরিবহণ ক্ষেত্রে এই প্রকল্প কার্যকর হলে বিপুল সংখ্যক মহিলা উপকৃত হবেন বলেই মনে করছে প্রশাসন।

(বাইট- অগ্নিমিত্রা/ বাস)

এদিকে, সরকারি কর্মচারীদের জন্যও সপ্তম রাজ্য বেতন কমিশন গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(বাইট – অগ্নিমিত্রা/বেতন কমিশন)

যদিও আজকের বৈঠকে সরকারী কর্মীদের বকেয়া মহার্ঘ্য ভাতা প্রদান নিয়ে কোন আলোচনা হয়নি বলে জানা যাচ্ছে। এবিষয়ে পরবর্তী কোন বৈঠকে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে।

একই সঙ্গে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনে ধর্মীয় শ্রেণীবিন্যাসের ভিত্তিতে চালু থাকা সহায়তামূলক প্রকল্পগুলি এই মাস পর্যন্ত চালু থাকবে বলেও শ্রীমতী পাল জানান, আগামী মাস থেকে সেই প্রকল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে। এ বিষয়ে পরে বিস্তারিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

সংরক্ষণ নীতি নিয়েও আজ গুরুত্বপূর্ণ বার্তা দিয়েছে সরকার। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে ২০২৪ সালের ২২ মে-র, রায়ের প্রেক্ষিতে রাজ্য সরকারের অধীনে চাকরি ও সরকারি পদে অন্যান্য অনগ্রসর শ্রেণীর সংরক্ষণের হার এবং তালিকা পুনর্বিবেচনা করা হবে। পাশাপাশি উপ-শ্রেণী

বিভাগও বাতিল করা হবে বলে জানানো হয়েছে। নতুন করে সমীক্ষা ও অনুসন্ধানের ভিত্তিতে কোন্ কোন্ গোষ্ঠীকে তালিকাভুক্ত করা হবে, সে বিষয়ে রাজ্য সরকার পরে সিদ্ধান্ত নেবে বলে মন্ত্রী জানিয়েছেন ।

oooooooooooooooooooo

রাজ্য সরকারী কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা দেওয়ার বিষয়ে আজকের মন্ত্রিসভার বৈঠকে কোন ঘোষণা না হওয়ায় বিভিন্ন মহল থেকে প্রতিক্রিয়া মিলেছে। সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাষ্কর ঘোষ জানিয়েছেন, সপ্তম বেতন কমিশন নিয়ে ঘোষণা হলেও কবে, তা বাস্তবায়িত হবে, তা বিবেচনাধীন। নির্বাচনের আগে মহার্ঘ্য ভাতা নিয়ে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তা দ্রুত পুরণ করা হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

একইভাবে বকেয়া ডিএ মেটানোর বিষয়ে এখনই আশাহত হওয়ার কারণ নেই বলে আকাশবাণীকে জানিয়েছেন, রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী।

কর্মচারী পরিষদের সভাপতি দেবাশিষ শীল জানান, রাজ্য সরকার এব্যাপারে শীঘ্রই ইতিবাচক সিদ্ধান্ত নেবে বলে তাঁর আশা।

অন্যদিকে, আজকের বৈঠকে এসংক্রান্ত কোন ঘোষণা না হওয়ায় হতাশা ব্যক্ত করেছে বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি এবং শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ।

সপ্তম বেতন কমিশন গঠনের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে, পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ইউনিয়ন।

ooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার জল জীবন মিশনের দ্বিতীয় পর্যায়ের প্রকল্পে পশ্চিমবঙ্গের জন্য ৩৯ হাজার কোটি টাকার সহায়তা অনুমোদন করেছে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে ভার্চুয়াল মাধ্যমে আজ এসংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ২০২৮ সালের ডিসেম্বরের মধ্যে প্রকল্পের কাজ সম্পূর্ণ করার লক্ষ্য নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, নতুন চুক্তির ফলে প্রতিটি ঘরে নলবাহিত পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ আরও গতি পাবে। মুখ্যমন্ত্রীর অভিযোগ, গত পাঁচ বছরে কেন্দ্র, পশ্চিমবঙ্গকে ২৯ হাজার কোটি টাকা দিলেও প্রকল্পের বাস্তব অগ্রগতি হয়নি এবং বহু ক্ষেত্রে কাজ শুধুমাত্র কাগজে-

কলমেই সীমাবদ্ধ ছিল। এক সময়ে প্রকল্পের নাম বদলে 'জল স্বপ্ন' করা হয়েছিল বলেও তিনি দাবি করেন। পাশাপাশি সেচ প্রকল্পের ক্ষেত্রেও কেন্দ্রীয় সহায়তা চেয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, রাজ্যের বর্তমান আর্থিক পরিস্থিতিতে কেন্দ্রের সহযোগিতা ছাড়া বৃহৎ পরিকাঠামো প্রকল্প বাস্তবায়ন কঠিন।

(বাইট – মুখ্যমন্ত্রী/জল)

অনুষ্ঠানে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল জানান, ২০১৯ সালে পশ্চিমবঙ্গে মাত্র ১ শতাংশ গ্রামীণ পরিবারে নল বাহিত জল পৌঁছত, বর্তমানে সেই হার বেড়ে ৫৬ শতাংশ হয়েছে। যদিও স্কুল ও অঙ্গনওয়াড়িতে পানীয় জল পরিষেবার হার এখনও জাতীয় গড়ের নিচে। শ্রী পাতিল আরও জানান, জলজীবন মিশন প্রকল্পের অধীনে মোট বরাদ্দের মধ্যে কেন্দ্রের অংশ ৩৩ হাজার ৩৬৩ কোটি টাকা হলেও এখনও পর্যন্ত ১১ হাজার ৬৭০ কোটি টাকা অব্যবহৃত রয়েছে। গঙ্গার উপর এসটিপি তৈরির জন্য দ্রুত জমি দেওয়ার আবেদনও করেন তিনি।

(বাইট – সি আর পাতিল)

জল সংরক্ষণ এবং জনগণের অংশগ্রহণের উপরও জোর দেন কেন্দ্রীয় মন্ত্রী। তিনি জানান, প্রধানমন্ত্রী 'জল সঞ্চয় জন অংশগ্রহণ' কর্মসূচির আওতায় দেশজুড়ে ১ কোটি জল সংরক্ষণ কাঠামো তৈরির লক্ষ্য নেওয়া হয়েছিল, যার মধ্যে ইতিমধ্যেই ৮৯ লক্ষ কাজ সম্পূর্ণ হয়েছে। মনরেগা তহবিলের বড় অংশ বৃষ্টির জল সংরক্ষণে খরচ করার পরামর্শও দেন তিনি।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ভি সোমান্না, পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যসচিব মনোজ আগরওয়াল, কেন্দ্রীয় পানীয় জল ও স্বচ্ছতা বিভাগের সচিব অশোক কে কে মিনা, পশ্চিমবঙ্গের প্রিন্সিপাল রেসিডেন্ট কমিশনার দুষ্মন্ত নারিয়ালা-সহ কেন্দ্র ও রাজ্যের শীর্ষ আধিকারিকরা।

ooooooooooooooooo

প্রাতিষ্ঠানিক দূর্নীতি ও নারী এবং শিশুদের উপরে নির্যাতনের ঘটনায় রাজ্য সরকার দুটি তদন্ত কমিশন তৈরি করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে আজ নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এ সংক্রান্ত দুটি প্রস্তাব গৃহীত হয়। মুখ্যমন্ত্রী পরে সাংবাদিকদের বলেন, আগের সরকারের আমলে মিড ডে মিল, আবাস যোজনা, একশো দিনের কাজ, আমফান, কাটমানি, অবৈধ নির্মান এর মত ক্ষেত্রে যে দূর্নীতি হয়েছিল তার তদন্তে হাইকোর্টের প্রাক্তন বিচারপতি বিশ্বজিত বসু ও এডিজি জয়রামনকে সদস্য সচিব করে একটি কমিশন গঠন করা হচ্ছে।

অন্যদিকে নারী ও শিশুদের উপরে নির্যাতনের ঘটনায় হাইকোর্টের প্রাক্তন বিচারপতি সমাপ্তি চ্যাটার্জি এবং এডিজি দময়ন্তী সেনকে সদস্য সচিব করে অপর একটি কমিশন তৈরি করা হয়েছে।

সাধারন মানুষ, ঠিকাদারি সংস্থা, লোকায়ুক্ত এর সঙ্গে যুক্ত ব্যক্তি এবং সাংসদ, বিধায়ক বাদে অন্য জনপ্রতিনিধিরা এই কমিশনের কাছে অভিযোগ জানাতে পারবেন। রাজ্য সরকারের তরফে কমিশনকে সব ধরনের সহায়তা করবেন মুখ্যসচিব ও স্বরাষ্ট্র সচিব। আগামী পয়লা জুন থেকেই কমিশন কাজ শুরু করবে। তিরিশ দিন পর থেকে কমিশনের সুপারিশের ভিত্তিতে এফ আই আর দায়ের করে অভিযুক্তদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া শুরু হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে জাতীয় শিক্ষানীতি দ্রুত কার্যকর হবে বলে  মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।। ধনধান্য প্রেক্ষাগৃহে আজ বিভিন্ন বোর্ডের পরীক্ষায় কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি জানান, শিক্ষাঙ্গনকে রাজনৈতিক প্রভাব মুক্ত করা এবং বিশ্ববিদ্যালয়গুলির স্বশাসন ফেরাতে করতে সরকার ব্যবস্থা নিচ্ছে। রাজ্যের মেধাকে রাজ্যেই রাখার বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, সরকারি শিক্ষা ব্যবস্থার উপর রাজ্যের ৯০ ভাগ মানুষ নির্ভরশীল। অথচ সেই শিক্ষা ব্যবস্থা পিছিয়ে গিয়েছিল। বেসরকারি শিক্ষা ব্যবস্থাকে উৎসাহ দেওয়ার পাশাপাশি সরকারি শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ এবং নারী শিক্ষার উন্নয়নকে সরকার অগ্রাধিকার দিচ্ছে।

এদিকে, বিজেপি, বিশ্বের দরবারে দেশকে পৌঁছে দিতে তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়েছে।  দলের রাজ্যসভার সাংসদ ও রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ওই অনুষ্ঠানে বলেন, ছাত্র ছাত্রীদের নিজেদের জীবনে এগিয়ে চলার পাশাপাশি নিজের দেশকে বিশ্বের দরবারে তুলে ধরতে হবে। পাশাপাশি রাজ্যে মেধার বিকাশে পশ্চিমবঙ্গে কলেজ, বিশ্ববিদ্যালয় গড়ে তোলার আহ্বান জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০

কোন ধর্মীয় স্লোগান তুলে পুলিশের উপরে হামলা, পাথর ছোঁড়া বা বিক্ষোভের জেরে সাধারন মানুষ ক্ষতিগ্রস্থ হলে তা কোনভাবেই বরদাস্ত করা হবে না বলে রাজ্য সরকার জানিয়েছে। গতকাল কলকাতার পার্ক সার্কাসের সেভেন পয়েন্টে প্রতিবাদ বিক্ষোভ সামাল দিতে গিয়ে জনতা পুলিশ খন্ডযুদ্ধের ঘটনায় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ আহত পুলিশ কর্মীদের সঙ্গে দেখা করতে ডেপুটি কমিশনারের কার্যালয়ে যান। তাদের শারীরিক অবস্থার খোঁজখবর নেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সবসময় পুলিশ কর্মীদের পাশে থাকবে। পুলিশের গায়ে হাত দিলে রাজনীতি বা সম্প্রদায়ের ঊর্দ্ধে উঠে সব ধরনের আইনি পদক্ষেপ নেওয়া হবে। এই ক্ষেত্রে পুলিশকে সব ধরনের স্বাধীনতা দেওয়া হয়েছে বলেও তিনি জানিয়েছেন।

(বাইট – শুভেন্দু/পুলিশ)

উল্লেখ্য, গতকালের ঘটনায় এখনও পর্যন্ত ৪০ জনকে গ্রেফতার করা হয়েছে।

oooooooooooooooo

২০২১ সালে ভোট পরবর্তী হিংসার ঘটনায় কোথায় কোথায় কত মামলা হয়েছে, তা বিস্তারিত জানতে চেয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আজ ভবানীভবনে রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণের পর প্রথম বৈঠকে বসেন তিনি। রাজ্য পুলিশের ডিজি সিদ্ধিনাথ গুপ্তা, এডিজি আইনশৃঙখলা অজয় মুকুন্দ রানাডে সহ শীর্ষ কর্তারা সেখানে উপস্থিত ছিলেন। ২০২১ সালে ভোট পরবর্তী হিংসায় ৪৫৮-টি ফাইল পুনরায় খোলা হয়েছে। নির্বাচনী প্রতিশ্রুতি মতো ১২১-টি ঘটনার নতুন করে তদন্ত করবে সরকার। অশান্তির প্রবণ বিভিন্ন জায়গায় মজুত বোমা অস্ত্র যাতে দ্রুত উদ্ধার হয়, তারও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooo

সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের প্রচার চলাকালীন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-কে হুমকি এবং উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে দায়ের হওয়া মামলায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই মামলায় আদালতে রক্ষা কবচের আবেদন জানিয়েছেন তিনি। আগেই জানানো হয়েছে, রাজীব সরকার নামে এক ব্যক্তি বিধাননগর উত্তর সাইবার ক্রাইম থানায় অভিষেকের বিরুদ্ধে এফ আই আর দায়ের করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে আপত্তিকর ও প্ররোচনামূলক মন্তব্য সমাজে হিংসা ও অশান্তি সৃষ্টি করতে পারে বলে ওই এফ আই আর-এ দাবি করেন তিনি।

oooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামী বৃহস্পতিবার ২১-শে পুনর্নির্বাচনের জন্য প্রচারাভিযান আগামীকাল শেষ হবে। ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটার মোট ছয় জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। এদের মধ্যে মহিলা ভোটারের সংখ্যা এক লক্ষ্য ১ লক্ষ ১৫ হাজার ১৩৫ জন। বিশেষ ভাবে সক্ষম ভোটার রয়েছেন ২ হাজারের কিছু বেশি। ২৪ টি অক্সিলিয়ারি বুথ সহ মোট ২৮৫ টি ভোট গ্রহণ কেন্দ্রে সকাল সাতটা থেকে ভোট নেওয়া হবে। চলবে সন্ধ্যে ছটা পর্যন্ত ।

এদিকে, ২৬-শে মে পর্যন্ত ফলতা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খানকে গ্রেফতার করা যাবে না বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। তবে, তদন্তে সহযোগিতা ছাড়াও কোন গুরুতর অপরাধ মূলক অভিযোগ পাওয়া গেলে তা আদালতের নজরে আনতে হবে বলে বিচারপতি সৌগত ভট্টাচার্য নির্দেশ দিয়েছেন। তাঁর পর্যবেক্ষণ গণতান্ত্রিক ব্যবস্থাপনায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা সাংবিধানিক অধিকার, কিন্তু প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ থাকায় নির্বাচন কমিশনের বিধিনিষেধ জাহাঙ্গির খানাকে নিয়ে চলতে হবে। ভোটারদের প্রভাবিত করা বা কোন বিতর্কিত মন্তব্য করা যাবে না। জাহাঙ্গীরের বিরুদ্ধে যে সমস্ত তদন্ত চলছে, সাতদিনের মধ্যে তার কপি আদালতে জমা দেওয়ারও নির্দেশ দিয়েছেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০

অনুকূল বায়ু প্রবাহ ও জলীয় বাষ্পের প্রবেশের কারণে রাজ্যে আগামী কয়েক দিন ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। তবে তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত চার জেলা এবং কোচবিহারে ঝড় বৃষ্টির পূর্বাভাস থাকছে। আগামীকাল থেকে বাড়বে বৃষ্টির পরিমাণ।

এদিকে, দক্ষিণবঙ্গের পূর্ব পশ্চিম বর্ধমান বীরভূম মুর্শিদাবাদ ও নদিয়া জেলায় আজ দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে বেশ কিছু জেলায় বৃষ্টি শুরু হয়েছে বলে খবর। আগামীকাল থেকে দক্ষিণবঙ্গেও বৃষ্টির পরিমাণ বাড়বে।

আবহাওয়া দপ্তরের সাম্প্রতিক র‍্যাডার পর্যবেক্ষনে আগামী দু তিন ঘন্টায় হুগলী, উত্তর ২৪ পরগনা, নদীয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারী করা হয়েছে। বয়ে যেতে পারে ঘন্টায় ৬০-৭০ কিমি বেগে ঝোড়ো হাওয়া।

এদিকে, অস্বস্তিকর আবহাওয়া থাকলেও, আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল প্রায় স্বাভাবিক। ৩৫ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০